

# উত্তরা ব্যাংক পিএলসি.

আঞ্চলিক কার্যালয়, রাজশাহী অঞ্চল।

অর্থক্ষণ আদালত আইন-২০০৩ ইং এর ১২ (৩) ধারার বিধান মতে

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নামঃ মোঃ আনিসুর রহমান, পিতাঃ ময়েজ উদ্দিন সরকার মাতাঃ মোছাঃ তারিফন নেসা, ঠিকানাঃ গ্রামঃ ছলিমপুর ডাকঘরঃ জয়নগর, পোঃ জয়নগর থানাঃ ঈশ্বরদী, জেলাঃ পাবনা তার নিজ মালিকানাধীন মেসার্স সর্দার এন্টারপ্রাইজ রাইস মিলস নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক পিএলসি. ঈশ্বরদী শাখা হতে সি সি (হাইপো) ঋণ গ্রহন করেছিলেন যা মেয়াদ উত্তীর্ণ হয়ে খেলাপী ঋণে পরিণত হয়। উক্ত ঋণের জামানত হিসাবে নিম্নে উল্লেখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধক রাখেন। বারবার তলব ও তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহিতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। ১১/০২/২০২৪ ইং তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের সর্বমোট পাওনা টাকা ২,২৬,৭৭,৩৫৩.২৯ (কথায় দুই কোটি ছব্বিশ লক্ষ সাতাত্তর হাজার তিনশত তেপান্ন টাকা উনত্রিশ পয়সা) মাত্র। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগন বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার/তাদের প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রি করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক যেকোন একটি তফসিল অথবা সকল তফসিলে দরপত্রে অংশগ্রহন করতে পারবে যাহা আগামী ২০/০৩/২০২৪ ইং তারিখ বেলা ১ (এক) ঘটিকার মধ্যে ব্যাংকের ঈশ্বরদী শাখায় রক্ষিত বাস্তব দরপত্র জমা করতে অথবা খামের উপর "সম্পত্তি ক্রয় দরপত্র" লিখে সরাসরি/রেজিস্ট্রি ডাকযোগে উক্ত শাখায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৩ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তযুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক পিএলসি. এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবেঃ-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	দরপত্রের উদ্ধৃত মূল্য
অনুর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হইতে অনুর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপরিষ্কার বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবেনা। এ ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

### -৪ জমির তফসিল ৪-

#### -৪ ১ নম্বর তফসিল ৪-

মৌজা- চরমিরকামরি, থানা- ঈশ্বরদী, জেলা-পাবনা।

জে.এল নং- ৯০, এস.এ খং নং-১৩৬, ৮, আর.এস খং নং-১৩৯৬, দাগ নং- এস.এ- ৬৮১, ৬৮২, আর.এস- ৬৬২, ৬৬৩, পরিমান (শতকে) ৬১.১৫। (একষষ্ঠি দশমিক এক পাঁচ শতক জমি এবং তদুপরিস্থিত অবকাঠামো যাহার মালিক মোঃ আনিসুর রহমান)

#### -৪ ২ নম্বর তফসিল ৪-

মৌজা- চরমিরকামরি, থানা- ঈশ্বরদী, জেলা-পাবনা।

জে.এল নং- ৯০, এস.এ খং নং-১৩৬, ৮, আর.এস খং নং-১৩৯৬, দাগ নং- এস.এ- ৬৮১, ৬৮২, আর.এস- ৬৬২, ৬৬৩, পরিমান (শতকে) ১৫.৮৫। (পনের দশমিক আট পাঁচ শতক জমি এবং তদুপরিস্থিত অবকাঠামো যাহার মালিক মোঃ আনিসুর রহমান)

#### -৪ ৩ নম্বর তফসিল ৪-

মৌজা- দিয়ার বাঘইল, থানা- ঈশ্বরদী, জেলা-পাবনা।

জে.এল নং- ২২, এস.এ খং নং-৫৩৮, পেটি খং নং-৩১, পেটি দাগ নং-১৬২, ১৫৮, আর.এস খং নং- ৩৪৪, দাগ নং- এস.এ ১১৬২, ১১৫৮, আর.এস- ১৫৭১, ১৫৯৭, পরিমান (শতকে) ৬৯.১৩। (উনসত্তর দশমিক এক তিন শতক জমি এবং তদুপরিস্থিত অবকাঠামো যাহার মালিক মোঃ আনিসুর রহমান)

আঞ্চলিক প্রধান

ও

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।